

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৪৬১(আগরতলা-০৫।০৩)

মোহনপুর, ০৫ মার্চ, ২০১৯

মোহনপুরে মুদ্রা মেলা অনুষ্ঠিত

মোহনপুর মহকুমা ভিত্তিক মুদ্রা মেলা গত ২ মার্চ মোহনপুর পুরপরিষদ সংলগ্ন মাঠে অনুষ্ঠিত হয়। শিক্ষামন্ত্রী রতনলাল নাথ এই মেলার উদ্বোধন করেন। মেলার উদ্বোধন করে শিক্ষামন্ত্রী শ্রীনাথ প্রধানমন্ত্রী মুদ্রা যোজনার সুযোগ গ্রহণ করে বেকার যুবক-যুবতীদের স্বাবলম্বী হওয়ার আহ্বান জানান। তিনি বলেন, এই যোজনায় ঋণ নিতে কোনও রকম গ্যারান্টিরেরও প্রয়োজন হয় না। কিন্তু ঋণ গ্রহীতাদের নিজ পায়ে দাঁড়ানোর লক্ষ্য ও দৃঢ় মানসিকতা থাকতে হবে। মনে রাখতে হবে তিনি যে ঋণ নিয়েছেন সেটা জনসাধারণের টাকা। কাজেই এই ঋণ নিয়ে নিজেকে স্বাবলম্বী করে সময়মতো ঋণের টাকা পরিশোধ করতে হবে। সততা ও নিষ্ঠার সাথে এই কাজ করার জন্য তিনি আহ্বান জানান। প্রসঙ্গক্রমে শিক্ষামন্ত্রী রাজ্যের বিভিন্ন সফল ব্যবসায়ীদের কথা উল্লেখ করেন, যারা সরকারি চাকরির জন্য অপেক্ষা না করে ফুল সহ বিভিন্ন ব্যবসা করে বর্তমানে প্রতিষ্ঠিত হয়েছেন। অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধায়ক বৃষকেতু দেববর্মা, বিধায়ক কৃষ্ণধন দাস, সমাজসেবী জয়নাল দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হেজামারা বি এ সি চেয়ারম্যান সুনীল দেববর্মা, লেফুঙ্গা বি এ সি চেয়ারম্যান রণবীর দেববর্মা, মোহনপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান মালতি দেবনাথ প্রমুখ। সভাপতিত্ব করেন মোহনপুর পুরপরিষদের চেয়ারপার্সন মতিলাল দাস। স্বাগত ভাষণ রাখেন মোহনপুর মহকুমার মহকুমা শাসক প্রসূন দে। অনুষ্ঠানে অতিথিগণ ঋণ প্রার্থীদের হাতে ঋণ মঞ্জুরির অনুমোদনপত্র তুলে দেন।

\*\*\*\*\*